
Backstage View পরিচিতি – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ০৪

tutorial.hamimit.com/backstage-view-পরিচিতি


Backstage View হলো ওয়ার্ড ২০০৭ এর পরবর্তী ভার্সনের নতুন সংযোজন একটি অপশন। এ অধ্যায়ে এম এস ওয়ার্ড ২০১৬ এর **ব্যাকস্টেজ ভিউ** নিয়ে বিস্তারিত আলোচনা করবো।

আপনি যখন **এম এস ওয়ার্ড ২০১৬** চালু করে File ট্যাব ক্লিক করলে মাইক্রোসফট অফিস Backstage View প্রদর্শিত হবে।

সাধারণত ওয়ার্ডে নতুন ফাইল সম্পাদন, তৈরিকৃত ফাইল ওপেন করা, প্রিন্ট, সংরক্ষণ এবং বিভিন্ন অপশনসহ আরো অনেক কাজ এই **Backstage View** থেকে সম্পাদন করা যায়। যদি সংক্ষেপে এ কাজগুলো সর্টকাট ব্যবহার করেও সম্পাদন করা যায়।



এম এস ওয়ার্ড ২০১৬ উইন্ডোতে যদি কোন ফাইল ওপেন করা থাকে তবে **Backstage View** নিম্নের চিত্রের মত প্রদর্শিত হবে। এ অবস্থায় প্রদর্শিত উইণ্ডো ৩টি কলামে বিভক্ত থাকে। এখানে ওপেনকৃত ফাইল সংক্রান্ত তথ্যাদি দেখা যায়।



Backstage View এর প্রথম কলামে অবস্থিত অপশনসমূহ বর্ণিত হলো:

Info:

ব্যাকস্টেজ ভিউ অবস্থায় সর্বপ্রথম Info কমাণ্ড রয়েছে। এটি ওপেনকৃত ফাইলের তথ্যাদি প্রদর্শন করে থাকে।

New:

নতুন কোন ফাইল বা ডকুমেন্ট তৈরি করার জন্য এই New অপশনটি ব্যবহার করা হয়ে থাকে।

Open:

পূর্বের তৈরি করা ফাইল বা ডকুমেন্ট খোলার (Open) জন্য এই অপশনটি ব্যবহৃত হয়ে থাকে।

Save:

ওয়ার্ড ২০১৬ ডকুমেন্ট সংরক্ষণ করে কম্পিউটার হার্ডডিস্কে রাখার জন্য এ অপশন ব্যবহৃত হয়।

Save As:

পূর্বের কোন সংরক্ষিত ফাইল ভিন্ন নামে সংরক্ষণ করার জন্য এ অপশন ব্যবহৃত হয়।

Print:

ওয়ার্ড ২০১৬ এ ছাপার জন্য প্রয়োজনীয় কার্য সম্পাদন করতে ব্যবহৃত হয়ে থাকে।

Share:

প্রয়োজনীয় ডকুমেন্ট শেয়ার জন্য এ অপশন ব্যবহৃত হয়ে থাকে।

Export:

প্রয়োজনীয় ডকুমেন্ট এক্সপোর্ট করার জন্য এ অপশন ব্যবহৃত হয়ে থাকে।

Close:

ওপেনকৃত ওয়ার্ড ফাইল বা ডকুমেন্ট বন্ধ করার জন্য এ অপশন ব্যবহৃত হয়ে থাকে।

Account:

মাইক্রোসফট অফিসে একাউন্ট থাকলে লগইন করার জন্য এ অপশন ব্যবহৃত হয়ে থাকে।

Options:

এম এস ওয়ার্ড ২০১৬ এর বিভিন্ন অপশন পরিবর্তন করতে এ অপশন ব্যবহৃত হয়ে থাকে।

ইউজার ইন্টারফেস – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল ২০১৯ | পর্ব ০৩

টেক্সট সংযোজন করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব-৫

> আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে টেক্সট সংযোজন করবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখলে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়ালটি তথ্য বহুল হয়ে থাকে তবে বন্ধুমহলে শেয়ার করুন।